

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৪৬

আগরতলা, ১১ জানুয়ারি, ২০১৯

প্রকাশিত সংবাদ বিষয়ে রাষ্ট্রীয় শিক্ষা  
অভিযান-এর প্রতিবাদ ও স্পষ্টীকরণ

গত ৭ নভেম্বর, ২০১৮ তারিখে 'দৈনিক সংবাদ' পত্রিকায় 'বছর শেষ হয়ে এলেও রামসার বইমেলা হলো না' শীর্ষক প্রকাশিত সংবাদের প্রতি 'রাজ্য সমগ্র শিক্ষা অভিযান' প্রকল্পের কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এই সংবাদের প্রতিবাদ জানিয়ে স্পষ্টীকরণে বলা হয়েছে, রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান প্রকল্প শুরু হওয়ার পর গত ২০১৩-১৪ থেকে ২০১৭-১৮ সাল পর্যন্ত জেলাভিত্তিক বইমেলা করার জন্য কেন্দ্রীয় সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক থেকে অর্থ মঞ্জুর করা হতো। এই মঞ্জুরীকৃত অর্থ দিয়েই প্রতি বছর বইমেলায় আয়োজন করা হতো।

কিন্তু এই বছর অর্থাৎ ২০১৮-১৯ অর্থবর্ষ থেকে ভারত সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের সিদ্ধান্ত অনুসারে সর্বশিক্ষা অভিযান, রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান ও টিচার এডুকেশন - এই তিনটি প্রকল্পকে একসাথে মিলিয়ে সমগ্র শিক্ষা অভিযান নামক একটি প্রকল্প চালু হয়। গত ২৩ মে, ২০১৮ তারিখে মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের সমগ্র শিক্ষা অভিযানের প্রোজেক্ট এপ্রুভাল বোর্ড ত্রিপুরাতে এই প্রকল্পের অধীনে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দ করে। এখানে উল্লেখ্য যে, এই বছর মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক ত্রিপুরাতে জেলাভিত্তিক বইমেলা আয়োজন করার জন্য আলাদাভাবে কোনও অর্থ বরাদ্দ করেনি।

২০১৮-১৯ অর্থবছরে সমগ্র শিক্ষা অভিযান প্রকল্পের বার্ষিক পরিকল্পনাতে রাজ্যের বিদ্যালয় শিক্ষা দপ্তর বিজ্ঞান প্রদর্শনী আয়োজন করার জন্য অর্থ মঞ্জুরীর প্রস্তাব করেছিলো। সে অনুসারে ভারত সরকার জেলা ও রাজ্যভিত্তিক বিজ্ঞান প্রদর্শনী আয়োজন করার জন্য জেলা প্রতি দেড় লক্ষ টাকা করে অর্থাৎ মোট ১২ লক্ষ টাকা বরাদ্দ করে। রাজ্যের শিক্ষার্থীদের আরও বেশি করে বিজ্ঞান মনস্ক করে তোলার উদ্দেশ্যে রাজ্যের সমগ্র শিক্ষা অভিযান প্রকল্পের উদ্যোগে ইতিমধ্যে ৭টি জেলায় বিজ্ঞান প্রদর্শনী সম্পন্ন হয়েছে। আগামী ডিসেম্বর মাসে রাজ্য স্তরের এই বিজ্ঞান প্রদর্শনীর আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে।

\*\*\*\*\*